# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ২০ মার্চ'২০২৩খ্রি.

## সাংস্কৃতিক কর্মকান্ডে অংশগ্রহণ যোগ্য নাগরিক গড়ে: মেয়র

একাডেমিক পড়াশোনার পাশাপশি সাংস্কৃতিক কর্মকান্ডে অংশগ্রহণ মেধা বিকাশে ও যোগ্য নাগরিক গড়তে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।
সোমবার ডা. ফজলুল হাজেরা ডিগ্রী কলেজের বার্ষিক সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মেয়র একথা বলেন।
প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রীড়াচর্চা মানুষের বুদ্ধিবৃত্তিক উন্নয়ন ঘটায়। শিক্ষার্থীরা কেবল পড়লে হবেনা, তাদের হয়ে উঠতে হবে যোগ্য মানুষ। এজন্য প্রয়োজন সংস্কৃতিচর্চা। কারণ, সংস্কৃতিচর্চা উন্নত মনন গঠন করে, গড়ে তোলে আদর্শ মানুষ। আমাদের প্রত্যাশা বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা সংস্কৃতিবান মানুষদের নেতৃত্বে আরো বেগবান হবে বলে। বঙ্গবন্ধুর ক্ষুদামুক্ত-দারিদ্রমুক্ত বাংলাদেশের স্বপ্নপূরণ হবে শিক্ষার্থীদের হাত ধরে।"
ছাত্রদের মুক্তিযুদ্ধের চেতনাকে লালন করে এগিয়ে যাওয়ার আহবান জানিয়ে মেয়র বলেন, জঙ্গিবাদ, মৌলবাদ, সাম্প্রদায়িক চিন্তার বিপরীতে শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনায় দেশ গড়ার অসমাপ্ত লড়াইয়ে নেতৃত্ব দিতে হবে। আজ যারা শিক্ষার্থী তারাইতো ভবিষ্যতে বিভিন্নভাবে নেতৃত্ব দিবে, তাই ছাত্রদের গড়তে হবে যুগোপযোগী উপায়ে।
অনুষ্ঠানে মেয়র বার্ষিক সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ডা. ফজলুল হাজেরা ডিগ্রী কলেজের অধ্যক্ষ স্বপন কুমার নাথের সভাপতিত্বে উপস্থিত ছিলেন কলেজের গভর্নিং বডির সভাপতি কাউন্সিলর নুরুল আমিন ও মো. ইসমাইল।

## অর্থনীতির স্বার্থে ক্ষুদ্র ব্যবসায়ীদের বাঁচাতে হবে: মেয়র

অর্থনীতির সক্ষমতা বৃদ্ধির স্বার্থে ক্ষুদ্র ব্যবসায়ীদের স্বার্থকে প্রাধান্য দেয়া উচিৎ বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।
সোমবার সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট দোকান মালিক ব্যবসায়ী সমিতি কার্যকরী পরিষদের সাথে মতবিনিময়েকালে মেয়র এ মন্তব্য করেন।
এসময় পরিষদের সদস্যরা মার্কেটের জেনারেটর, নিরাপত্তা ব্যবস্থাসহ বিভিন্ন সমস্যার কথা জানালে মেয়র পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন। পরিষদের সদস্যরা আরো জানান, মার্কেটের আধুনিকায়নের পাশাপাশি ঐতিহ্য ও ব্যবসা বান্ধব পরিবেশ ফিরিয়ে এনে মার্কেট বাঁচাতে কাজ করছে বর্তমান পরিষদ।
সভায় উপস্থিত ছিলেন পরিষদের সভাপতি আহম্মদ হোসেন, সাধারণ সম্পাদক ছালেহ্ আহমেদ মনু, সহ-সভাপতি মোঃ ইব্রাহীম ভূঁইয়া, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ হানিফ পেয়ারু, নাজিম উদ্দিন আহম্মদসহ পরিষদের সদস্যবৃন্দ।

## প্রযুক্তি প্রশিক্ষণের মাধ্যমে বেকারত্ব কমাচ্ছে চসিক

বেকারত্ব সমস্যার সমাধানে প্রযুক্তি শিক্ষার মাধ্যমে জনগণকে জনশক্তিতে পরিণত করতে কাজ করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক)। সোমবার চট্টগ্রাম সিটি কর্পোরেশন কম্পিউটার ইনস্টিটিউটের সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে এ মন্তব্য করেন বক্তারা।
চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য লড়ছেন সেই লড়াইয়ে অবদান রাখতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কম্পিউটার ইনস্টিটিউট চট্টগ্রামের তরুণদের প্রশিক্ষণের মাধ্যমে জনশক্তিতে রূপান্তর করছে।

"প্রশিক্ষিত শিক্ষার্থীরা ফ্রিল্যান্সার, উদ্যোক্তা ও পেশাজীবী হিসেবে একদিকে বেকারত্ব সমস্যার সমাধান করছেন অন্যদিকে মূল্যবান বৈদেশিক মুদ্রা উপার্জনের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখছে।"
নগরীর থিয়েটার ইনস্টিটিউটে অনুষ্ঠানে তিনশতাধিক শিক্ষার্থী ছয় মাস মেয়াদী ডিপ্লোমা ইন কম্পিউটার স্টাডিজ এবং তিন মাস মেয়াদী সার্টিফিকেট ইন কম্পিউটার স্টাডিজের সনদলাভ করে। প্রায় ১৬ হাজার শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেয়া এ প্রতিষ্ঠানের জন্য নগরীর গণি বেকারি সংলগ্ন রহমতগঞ্জে স্থায়ী ক্যাম্পাস বরাদ্দ দিয়েছেন চসিক মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, কাউন্সিলর নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, আবদুস সালাম, চসিকের প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, কম্পিউটার ইনস্টিটিউটের পরিচালক আনিস আহমদ প্রমুখ।

## শিক্ষার্থীদের সচেতন নাগরিক হিসেবে গড়তে ক্যাম্পেইন করছে চসিক

শিক্ষার্থীদের মধ্যে ভোক্তা অধিকার ও নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা তৈরির জন্য ক্যাম্পেইন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) । সোমবার এ কার্যক্রমের অংশ হিসেবে কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজে শিক্ষার্থীদের মাঝে ভোক্তা অধিকার ও নিরাপদ খাদ্যের উপর প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়।

অনুষ্ঠানে চসিকের প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর উদ্যোগে এবং প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামের সার্বিক দিক-নির্দেশনায় শিক্ষার্থীদের সচেতন নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এবং নিরাপদ খাদ্য আইন ২০১৩ সম্পর্কে জানাতে এ উদ্যোগ। আমাদের লক্ষ্য শিক্ষার্থীরা যাতে সচেতন হয় এবং তাদের অধিকার ক্ষুন্ন হলে তারা আইনি পদক্ষেপ নিতে পারে।

শিক্ষার্থীদের সচেতন নাগরিক হিসেবে গড়তে ভবিষ্যতে এ ক্যাম্পেইনের যৌতুক, মাদকের মতো সমস্যাগুলো নিয়েও সেশন যুক্ত করে চসিক পরিচালিত সবগুলো শিক্ষা প্রতিষ্ঠানে ধারাবাহিকভাবে ক্যাম্পেইন পরিচালিত হবে বলে জানান তিনি।

এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক নাসরিন আকতার, সহকারী পরিচালক রানা দেব নাথ, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা নাজমুস সুলতানা সীমা, কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নূর বানু চৌধুরী।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮